পে-চেক প্রোটেকশন প্রোগ্রাম (বেতন সুরক্ষা কর্মসূচী)

- পে-চেক প্রোটেকশন প্রোগ্রামটি পুনরায় উন্মুক্ত হয়েছে এবং "প্রথম ড্র" ও "দ্বিতীয় ড্র" ঋণের জন্য ৩১ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করবে। প্রথমবার আবেদনকারীদেরকে ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

- "প্রথম ড্র" PPP – যদি আপনি এর আগে PPP তহবিল না পেয়ে থাকেন (আবেদন করে থাকলেও) এবং আপনি যদি ক্ষুদ্র ব্যবসার মালিক (৫০০ জনের কম সংখ্যক কর্মচারী) অথবা একক স্বত্তাধীকারি হন, ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত আপনার কার্যক্রম সচল ছিল এমন হয়ে থাকে, এবং আপনার যদি ট্যাক্স আইডি থাকে, তাহলে আপনি "প্রথম ড্র" ঋণের জন্য আবেদন করার যোগ্য হবেন।

- "দ্বিতীয় ড্র" PPP – যদি আপনি এর আগে PPP তহবিল পেয়ে থাকেন এবং আপনি যদি ৩০০ জনের কম সংখ্যক কর্মচারী রয়েছে এমন ক্ষুদ্র ব্যবসার মালিক অথবা একক স্বত্তাধীকারি হন; ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত আপনার কার্যক্রম সচল ছিল এমন হয়ে থাকে; এবং আপনার যদি ট্যাক্স আইডি থাকে, তাহলে আপনি "দ্বিতীয় ড্র" ঋণের জন্য আবেদন করার যোগ্য হবেন। আপনাকে অবশ্যই ২০২০ সালের যেকোনো ত্রৈমাসিকে ২০১৯ সালের একই ত্রৈমাসিকের তুলনায় ২৫ শতাংশ লোকসান দেখাতে হবে এবং আপনার প্রথমবারের ঋণের অর্থ অবশ্যই আপনার দ্বিতীয়বার ঋণের অর্থ বন্টনের আগে ব্যয় হতে হবে।

- ঋণের মেয়াদকালের মধ্যে ব্যয়ের উপযুক্ত খাতগুলোতে (মূলত বেতন) খরচ হয়ে থাকলে এই ঋণগুলো সম্পূর্ণ মওকুফ করা হতে পারে। যদিও এখনো বহু আবেদনকারী মওকুফ পাননি, তবুও এটি সত্যিই একটি অনন্য ও নমনীয় ঋণের আবেদন।

- PPP এর এই রাউন্ডটি সহজ করা হয়েছে এবং নিম্ন-আয়ের পরিবেশের মহিলা এবং সংখ্যালঘুদের মালিকানাধীন ব্যবসাগুলোকে সেবা দেয়ার উপর জোর দেয়া হচ্ছে, তাই আপনি যদি প্রথম রাউন্ডে তহবিল নাও পেয়ে থাকেন, আপনাকে আবেদন করার জন্য জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে।

- যখন ২০২০ সালে PPP প্রথম আরম্ভ করা হয়েছিল:
  - ডেট্রয়েটের ব্যবসাগুলোকে সর্বমোট ৬৪৭ মিলিয়ন ডলার PPP ঋণ প্রদান করা হয়েছে
  - ডেট্রয়েটের ব্যবসাগুলোকে সর্বমোট ৫৪১২টি PPP ঋণ প্রদান করা হয়েছিল
  - গড় ঋণের পরিমাণ ১২০ হাজার ডলার
  - PPP ঋণ প্রাপ্ত ডেট্রয়েটের ব্যবসাগুলো ৫৮ হাজার কর্মসংস্থান ধরে রাখতে পেরেছে

- অনুদান পাওয়া নিশ্চিতভাবেই ঋণ পাওয়ার চেয়ে বেশি লোভনীয়, কিন্তু ডেট্রয়েটের ৩০,০০০ ক্ষুদ্র ব্যবসার সবগুলোকে সহায়তা করার মতো পর্যাপ্ত অনুদানের তহবিল নেই। এই নতুন কর্মসূচীটি ২৮৪ বিলিয়ন ডলারের অতিরিক্ত SBA PPP তহবিলের অর্থ দ্বারা পরিচালিত যা সাম্প্রতিক ফেডারেল COVID ত্রানের বিলে অন্তর্ভুক্ত করা হয়েছে।

- SBA-র ভাষ্যমতে নতুন কর্মসূচীটিতে নিম্নলিখিত আপডেটগুলো রয়েছে:
  - PPP ঋণগ্রহীতারা তাদের PPP ঋণের মেয়াদকালের জন্য তাদের ব্যবসার প্রয়োজনের সাথে সর্বোচ্চ সংগতি বজায় রাখতে ৮ থেকে ২৪ সপ্তাহ পর্যন্ত যেকোনো সময় বেছে নিতে পারবেন
  - PPP ঋণগুলো অতিরিক্ত খরচসমূহ, যেমন কার্যক্রম পরিচালনার ব্যয়, সম্পত্তির ক্ষয়ক্ষতি সংক্রান্ত ব্যয়, সরবরাহকারীর জন্য ব্যয়, এবং কর্মীদের সুরক্ষার জন্য ব্যয়, ইত্যাদি আওতাভুক্ত করবে
  - এই প্রোগ্রামের জন্য উপযুক্ততা সম্প্রসারিত করে অন্যান্য ধরনের সংস্থাগুলোর মধ্যে 501(c)(6), হাউজিং কো-অপারেটিভগুলো, ডেস্টিনেশন মার্কেটিং সংস্থাগুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছে
  - PPP মৌসুমি কর্মচারীদের জন্য অধিকতর নমনীয়তা প্রদান করে

অতিরিক্ত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট চেক করুন
এছাড়া আমাদের COVID-19 কল সেন্টারগুলোও (৮৪৪) ৩৩৩-৮২৪৯ নম্বরে কল গ্রহণের জন্য সোম-শুক্র সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা থাকবে
অথবা সতর্কতা বা আপডেট পেতে আমাদেরকে ফেসবুক বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন

পে-চেক প্রোটেকশন প্রোগ্রাম (বেতন সুরক্ষা কর্মসূচী)

- নির্দিষ্ট কিছু বিদ্যমান PPP ঋণগ্রহীতা তাদের প্রথম ড্র PPP ঋণের অর্থের পরিমাণ পরিবর্তনের জন্য অনুরোধ করতে পারবেন
- নির্দিষ্ট কিছু PPP ঋণগ্রহীতা এখন দ্বিতীয় ড্র PPP ঋণের জন্য আবেদন করার যোগ্যতা রাখেন

- ঋণ মওকুফ
  - যদি আপনার ব্যবসাটি আপনার ঋণের আওতাধীন সময়কালে (৮-২৪ সপ্তাহ) আপনার PPP ঋণের কমপক্ষে ৬০% বেতন খরচ এবং কর্মসংস্থানের অবস্থা বজায় রাখার জন্য খরচ করে থাকেন, তাহলে আপনি ঋণ মওকুফের জন্য আবেদন করতে পারবেন (এর অর্থ হলো আপনাকে কোনো মুনাফা পরিশোধ করতে হবে না এবং ঋণের অর্থ ফেরত দিতে হবে না)।
  - অন্যথায়, ঋণের জন্য ১% মুনাফার হার এবং পাঁচ বছরের পূর্ণতার মেয়াদ প্রযোজ্য হবে। মওকুফকৃত PPP ঋণগুলো ফেডারেল করের উদ্দেশ্যে আয় হিসেবে বিবেচিত হবে না।

- আবেদন করার জন্য ব্যবসাগুলোর কি প্রয়োজন হবে
  - ব্যবসায়িক এবং ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন (১-৩ বছরের)
  - ২০২০ সালের অন্তর্বর্তীকালীন আর্থিক বিবরণী
  - বেতনের তথ্য: IRS ফরম ৯৪০, ৯৪১, W-3, এবং/অথবা বেতনের সারসংক্ষেপের বিশদ রিপোর্ট
  - ব্যবসায়িক সম্পত্তি বন্ধকের বিবৃতি অথবা ইজারা চুক্তি + ব্যবসায়িক সম্পত্তির ইউটিলিটি বিল
  - SBA ব্যক্তিগত আর্থিক বিবরণী (SBA ফরম ৪১৩)

- PPP সংক্রান্ত সর্বশেষ তথ্য এবং বিনামূল্যে সংস্থান ও নির্দেশনা পেতে ভিজিট করুন DetroitMeansBusiness.org ঠিকানায়।

  - একাকীভাবে আবেদন করা/মওকুফ চাওয়া সংক্রান্ত সংস্থানসমূহ - সবকিছু পাওয়া যাবে DMB PPP পৃষ্ঠার "স্থানীয় সংস্থান সরবরাহকারীগণ" সেকশনে:
    - **একাকীভাবে আবেদনে সহায়তা:** আপনাকে আপনার PPP আবেদন সম্পূর্ণ করায় সাহায্য করতে একাধিকবার পরামর্শের জন্য দ্যা MBA রেসপন্স নামক প্রশিক্ষণপ্রাপ্ত জাতীয় পর্যায়ের MBA শিক্ষার্থীদের একটি নেটওয়ার্ক প্রতিদিন উপস্থিত রয়েছে। সংক্ষিপ্ত ইনটেক ফরমটি আপনার যোগাযোগের তথ্য দিয়ে সম্পূর্ণ করুন এবং একাধিক সেশনের মাধ্যমে আপনা্র আবেদন সহায়তার সময়সূচী নির্ধারণ করতে একজন MBA শিক্ষার্থী আপনাকে ফিরতি কল করবেন (সম্ভবত একটি স্টেটের বাহিরের নম্বর থেকে)।

    - **একাকীভাবে আর্থিক নথিপত্র প্রস্তুতকরণে সহায়তা:** আপনাকে PPP আবেদনের জন্য প্রয়োজনীয় আর্থিক নথিপত্র প্রস্তুতে সাহায্য করার উদ্দেশ্যে মিশিগান বিশ্ববিদ্যালয়ের মার্স্টার্স ইন অ্যাকাউন্টিং এর শিক্ষার্থীরা সাপ্তাহিকভাবে ফোনে, জুম বা গুগল হ্যাংআউটের মাধ্যমে একাধিকবার পরামর্শের জন্য উপস্থিত থাকবে। আপনার প্রথম বৈঠকের জন্য ক্যালেন্ডার থেকে একটি সময় নির্বাচন করুন

    - **একাকীভাবে ঋণ মওকুফ:** একজন ক্ষুদ্র ব্যবসায়ীর অনন্য পরিস্থিতি সাপেক্ষে PPP ঋণের বিষয়টি অনুধাবনের তফাত কমানো, বিবেচ্য বিষয়গুলো, কৌশলসমূহ এবং লভ্য বিকল্পগুলো সম্পর্কে জানা, এবং PPP ঋণ মওকুফের জন্য সবচেয়ে বেশি উপযুক্ত হওয়ার সাথে সম্পর্কিত সংস্থান ও নির্দেশনাসমূহ সন্ধান করার ক্ষেত্রে সাহায্য করার উদ্দেশ্যে প্রতিদিন ৪৫ মিনিট পর্যন্ত ফোনে বা জুমের মাধ্যমে পরামর্শ প্রদানের জন্য মিশিগান কমিউনিটি রিসোর্সেস ভার্চুয়াল ক্লিনিকের আইনি বিশেষজ্ঞগণ

পে-চেক প্রোটেকশন প্রোগ্রাম (বেতন সুরক্ষা কর্মসূচী)

উপস্থিত থাকবেন। তিন দিনের মধ্যে বিশেষজ্ঞ আইনি সহায়তার সাথে সংযুক্ত হতে সংক্ষিপ্ত ইনটেক ফরমটি সম্পূর্ণ করুন।

- আপনার আবেদন জমা দেয়ার জন্য একজন স্থানীয় ঋণদাতার সাথে যোগাযোগ করুন:
  - কমিউনিটি ডেভেলপমেন্ট ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন্স
    - **CRF ডেট্রয়েট**
    - **অপরচুনিটি রিসোর্স ফান্ড**
    - **ফার্স্ট ইন্ডিপেন্ডেন্স ব্যাংক**
  - ব্যাংকসমূহ: নিম্নলিখিত কোনো ব্যাংকের মাধ্যমে আবেদন করলে, সেই ব্যাংকের মাধ্যমে আর্থিক সহায়তা পাওয়ার উপযুক্ত হতে হলে আপনার অবশ্যই SBA PPP এর আপনার গ্রাহককে জানুন বিধিমালা অনুযায়ী ব্যাংকের সাথে একটি বিদ্যমান অথবা নতুন প্রতিষ্ঠিত ব্যবসায়িক জমা/বিনিয়োগ হিসাব থাকতে হবে
    - **ব্যাংক অব আমেরিকা**
    - **চেস ব্যাংক**
    - **ফিফথ থার্ড ব্যাংক**
    - **হান্টিংটন ব্যাংক**